

## রাবির ১৭২ কোটি টাকার বাজেট

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ অর্থবছরের ১৭২ কোটি ৪০ লাখ টাকার বাজেট অনুমোদন করা হয়েছে। শিল্প ও ব্যবসায়ী খাতে নামমাত্র বরাদ্দ নিয়ে বরাবরের মতো এবারো শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতায় নিঃস্বভাষ বরাদ্দ দেয়া হয়েছে।

একই সূত্রে বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ অর্থবছরের জন্য ১৪৮ কোটি ১৭ লাখ টাকার সংশোধিত বাজেটও অনুমোদন দেয়া হয়। ভোম্বাধিক অধ্যাপক মায়েন উদ্দিন এ তথ্য জানান। তিনি বলেন, সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজান উদ্দিনের সভাপতিত্বে সিন্ডিকেট সভায় এ বাজেট পাস হয়।

আমরা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক নিক বিবেচনা করে বিশ্ববিদ্যালয়ে মঞ্জুরি কমিশনের (ইউজিসি) কাছে ২০৫ কোটি ৫৫ লাখ টাকার বাজেট পেশ করা হয়।

কিন্তু তারা ১৭২ কোটি ৪০ লাখ টাকা বাজেটে সরকারি অনুদান প্রদান করে। অন্যদিকে আমাদের নিজস্ব আয়ের উৎস থেকে প্রায় ১৭ কোটি ৯০ লাখ টাকা সংস্থানের মাধ্যমে এবারের বাজেট অংক দাঁড়িয়েছে ১৫৮ কোটি ৫০ লাখ।